# ঈশ্বরের পরিবারে বিশ্বসীরা একে অপরের সেবা করে

পবিত্র আত্মার আত্মিক অনুগ্রহ দানগুলি, বিশ্বাসীদেরকে নতুন নিয়মের
''একে অপরের'' আজ্ঞাটি পালন করতে সাহায্য করে।



বিশ্বাসীদের ও তাদের মেষপালকের অবশ্যই এমন ছোট দল তৈরী করতে হবে, যাতে একে অপরকে তারা গেঁথে তুলতে পারবে এবং যাতে একে অপরের পরিচর্য্যা করার সুযোগ পাবে।

গালাতীয় ৫ঃ১৩ প্রকাশ করে যে বিশ্বাসীদের একে অন্যকে পরিচর্য্যা করতে হবে। ''তোমরা স্বাধীনতার জন্য আহুত হইয়াছো — সেই স্বাধীনতাকে মাংসের পক্ষে সুযোগ করিও না, বরং প্রেমের দ্বারা একে অপরের পরিচর্য্যা কর''। বাইবেলে এরকম বহু ''একে অপরের'' পদ আছে।

প্রকৃত নতুন নিয়মের উপাসক দেহের জন্য দরকারী হল, বিশ্বাসীরা অবশ্যই ছোট ছোট দলে মিলিত হবে, যাতে তারা আদান প্রদান ক্রিয়া করতে পারে এবং সবাই অংশগ্রহণ করার সুযোগ পেতে পারে।

- ঈশ্বর যেমন আজ্ঞা করেছেন, সেই অনুযায়ী বিশ্বাসীরা অবশ্যই আত্মিক নিয়মানুবর্তিতার সাথে একে অপরের ব্যাথা শুনবে এবং একে অপরের সাহায্য করবে। বিশ্বাসীদেরকে একে অপরকে উৎসাহ প্রদান, পরস্পরের জন্য দোষক্রটি স্বীকার ইত্যাদি করতে হবে।
- পবিত্র আত্মা তাদেরকে যে সমস্ত অনুগ্রহ দান দিয়েছেন তা দ্বারা বিশ্বাসীদের একে অপরের বৃদ্ধি প্রাপ্ত হতে এবং পরিচর্য্যা করতে সমর্থ যোগান।
- এমনকি, যদিও বিশ্বাসীদের ছোট দলে সবাই যাতে কথা বলে সে বিষয়ে একে অপরকে উৎসাহিত করতে বলা হয়েছে, তথাপি যাদের এখনো জড়তা কাটেনি এবং নিজে থেকে প্রস্তুত নয় সেইসব নতুন বিশ্বাসীদের তারা যেন কখনো কিছু বলার জন্য জোর না করে।
- বিশ্বাসীদের অবশ্যই নতুন নিয়মের ''একে অপরের'' নীতিটি নিজ দলের মধ্যে এবং সমস্ত দলের মধ্যে পালন করতে হবে। উপাসনাকারী দেহের জীবন যেন কখনো কারোর নিজের দলের মধ্যে সীমাবদ্ধ না থাকে। বিশ্বাসীরা বিভিন্ন দলের মধ্যেও দেহরূপ জীবনকে অনুশীলন করে, কারণ একটি ছোট দলের সমস্ত বাইবেলের আত্মিক অনুগ্রহ দানগুলি নাও থাকতে পারে। ঈশ্বর প্রায়ই বিভিন্ন ছোট দলের সদস্যদের প্রত্যেককে বিভিন্ন আত্মিক অনুগ্রহ দান দিয়ে থাকেন। উদাহরণ স্বরূপ, যদি আপনার দল সুসমাচার প্রচারের ক্ষেত্রে দুর্বল হয় তবে কখনোই আপনি প্রচারের নতুন ধরণ খুঁজতেযাবে না। তারচেয়ে বরং অন্য দল অথবা উপাসক মণ্ডলী থেকে যে আপনাকে এই বিষয়ে সাহায্য করতে ইচ্ছুক তাকে সন্ধান করুন। আপনার দল বা উপাসক মন্ডলী অন্যদেরকেও এভাবে সাহায্য করতে পারে।
- বিশ্বাসীরা ছোট ছোট দলে সব থেকে ভালোভাবে পারস্পরিক বিষয়ের আদান প্রদান করতে পারে। সেজন্য উপাসক মন্ডলীকে গৃহে অথবা যেখানে তারা একত্রে মিলিত হতে পারে সেরূপ জায়গার ব্যবস্থা করুন। আরাধনার সময় তারা দলগুলি থেকে দুই বা তিনজনকে নিয়ে দল তৈরী করে তাদেরকে পরস্পরের সাথে কথা বলতে ও একে অন্যের জন্য প্রার্থনা পরিকল্পনা করার জন্য সময়ের ব্যবস্থা করতে পারে।

সম্ভবত, বিশ্বাসীদের পরিচর্য্যাকে শক্তিশালী করার জন্য এরূপ স্বেচ্ছাসেবামূলক এবং উপাসক মন্ডলী ও বিশ্বাসীদের মধ্যে প্রেমের আদান প্রদান এর চেয়ে আর কিছুই বেশী কাজ করা হতে পারে না।

### নেতাদের দায়িত্বাবলী

- প্রত্যেককে উদবুদ্ধ করুন। একজন মেষপালক হিসাবে আপনাকে অবশ্যই খেয়াল রাখতে হবে যে আপনার মেসপালের প্রত্যেক সদস্য সদস্যা তারা যে অনুগ্রহ দান প্রাপ্ত হয়েছে তা যেন তারা একে অপরকে গেঁথে তোলার জন্য ব্যবহার করছে সেই বিষয়টিকে। (ইফিষীয় ৪ঃ১১-১৬)
- ভারসাম্য আনয়নে লক্ষ্য রাখুন। সবগুলির মধ্যে কেবল মাত্র একটি অনুগ্রহ দানের পরিচর্য্যাকে বেশী তুলে ধরবেন না (১ম করিন্থীয় ১২ঃ১৪-৩০)। একটি দলের সবথেকে বড় দুর্বলতা হল তার সবথেকে শক্তিশালী পরিচর্য্যা কার্যকেই বেশী করে অনুশীলন করা।

- আভ্যন্তরীন যোগাযোগের প্রচেষ্টা করুন। কোনও ছোট দলেরই তার প্রয়োজনীয় সমস্ত অনুগ্রহ দানগু লি থাকে না। নতুন নিয়মের দলীয় দেহের জীবনের জন্য দরকারী হল উপাসক মন্ডলীগুলির মধ্যে পারস্পরিক আদান প্রদান। উদাহরণরূপে, মাকিদনীয়র দুঃস্থ খ্রীষ্টায়ানদের প্রদান করার অনুগহ দান ছিল এবং তারা তা অন্যান্য স্থানে ঈশ্বরের কার্য্যকে শক্তিশালী করার জন্য ব্যবহার করেছিল, (২ করিন্থীয় ৮ঃ১-৫ অংশটি প্রেরিত ১৮ঃ১-৫ অংশের সাথে তুলনা কর)।

**নতুন নিয়মের ''একে অপরের'' আজ্ঞাসমূহ**

দলের মধ্যে এবং দলগুলির মধ্যে প্রেমের সহভাগীতা গড়ে তুলুন।

আপনার পালের যে আজ্ঞাগুলিকে এখনি অনুশীলনের প্রয়োজন আছে। সেইগুলিকে অধ্যয়ন করুন। যারা সভাতে এ উপস্থিত হবে, তাদেরকে ঠিক করতে দিন যে কোনটি তারা সর্বাগ্রে অধ্যয়ন এবং অনুশীলন করবে।

১) **প্রেম**

- একে অপরকে প্রেম কর। যোহন ১৩ঃ৩৪-৩৫, ৫ঃ১২ এবং ১৭, রোমীয় ১২ঃ১০; ১ম থিষলনীকীয় ৪ঃ৯;
  ১ যোহন ৩ঃ১১, ১৪ ও ২৩; ৪ঃ৭,১১ ও ১২; ২ যোহন ১ঃ৫; ১ পিতর ১ঃ২২
- ব্যবস্থার পূর্ণতার জন্যে একে অপরকে প্রেম কর। রোমীয় ১৩ঃ৮
- একে অন্যের জন্য আমাদের প্রেমকে বৃদ্ধি কর। রোমীয় ১৩ঃ৮
- একে অন্যর প্রতি প্রেমে উপচিয়া পড়। ২থিষলনীকীয় ১ঃ৩
- পাপ আচ্ছাদনের জন্য পরস্পরকে গভীর রূপে প্রেম কর। ১ থিষলনীকীয় ৩ঃ১২

২) **সহভাগীতা ও ভাঙ্গা সম্পর্ক পুনুরুদ্ধার।**

- একে অন্যের সাথে সহভাগীতা করুন। ১ যোহন ১ঃ৭
- একে অন্যকে ক্ষমা প্রদান করুন। ইফিষীয় ৩ঃ১৩; ৪ঃ৩২; কলসীয় ৩ঃ১৩
- পবিত্র চুম্বনে পরস্পরকে অভ্যর্থনা কর (কিছু সংস্কৃতিতে আলিঙ্গন করা একটি রীতি)। রোমীয় ১৬ঃ১৬;
  ১ করিন্থীয় ১৬ঃ২০; ২ করিন্থীয় ১৩ঃ১২;১ পিতর ৫ঃ১৪;
- রুটী ভাঙ্গার সময় একে অন্যের জন্য অপেক্ষা কর। ১ করিন্থীয় ১১ঃ৩৩।
- একে অন্যের যাতনা বহন কর। ১ করিন্থীয় ১২ঃ২৬

৩) **সেবা**

- প্রত্যেকজন যে অনুগ্রহ দান পেয়েছেন তা দ্বারা একে অপরকে সেবা করুন। ১ পিতর ৪ঃ১০
- প্রেমে একে অপরের সেবা কর। গালাতীয় ৫ঃ১৩
- একে অন্যের প্রতি সদাচারণ কর। ১ থিষলনীকীয় ৫ঃ১৫
- একে অপরের প্রতি যত্নবান হও। ১ করিন্থীয় ১২ঃ২৫
- একে অন্যের জন্য বোঝা বহন কর। গালাতীয় ৬ঃ২
- নম্রতা সহ সেবা করার প্রতীক রূপে একে অপরের পা ধুয়ে দিন। যোহন ১৩ঃ১৪
- একে অপরের সাথে কার্য্য কর। ১ করিন্থীয় ৩ঃ৯,২ করিন্থীয় ৬ঃ১

৪) **শিক্ষা প্রদান**

- একে অপরকে শিক্ষা দাও কলসীয় ৩ঃ১৬
- একে অপরকে উপদেশ দান কর। রোমীয় ৫ঃ১৪

৫) **উৎসাহ প্রদান**

- একে অপরকে উৎসাহ দান কর। কলসীয় ৩ঃ১৬, ইব্রীয় ১০ঃ২৫
- একে অপরকে উপদেশ দাও। ইব্রীয় ৩ঃ১৩
- একে অপরের কাছে সত্যকে বল। ইফিষীয় ৪ঃ২৫
- একে অন্যের জন্য আমাদের জীবনকে উৎসর্গ কর। ১ যোহন ৩ঃ১৬
- একে অপরের জন্য প্রেম ও উত্তম কার্য্য করার বিষয়ে একে অন্যকে উদ্দীপীতকর। ইব্রীয় ১০ঃ২৪

৬) **প্রার্থনা, পাপ স্বীকার ও গাঁথিয়া তোলা**

- একে অপরের জন্য প্রার্থনা কর। যাকোব ৫ঃ১৬
- একে অন্যের কাছে আমাদের নিজ নিজ পাপকে স্বীকার কর। যাকোব ৫ঃ১৬
- একে অপরকে গেঁথে (শক্তিশালী গড়ে তোলা) তোল। ১ থিষলনীকীয় ৪ঃ১৮ ও ৫ঃ১, ১১
- গীত, উপদেশ, প্রত্যাদেশ, পরভাষা ও অর্থব্যাখ্যার দ্বারা একে অন্যকে গেঁথে তোল। ১ করিন্থীয় ১৪ঃ২৬

- একত্রে ঈশ্বরের গৌরব কর। রোমীয় ১৫ঃ৬

**৭) নম্রতার সাথে একতা গড়ে তুলুন**

- একে অন্যকে সম্মান কর। রোমীয় ১২ঃ১০
- পরস্পর পরস্পরের সাথে একমনা হও। ২ করিন্থীয় ১৩ঃ১১ রোমীয় ১২ঃ১৬; ১৫ঃ৫
- একে অপরের সমালোচনা কর না। রোমীয় ১৪ঃ১৩
- একে অন্যের নামে মন্দ বলনা। যাকোব ৪ঃ১১; ৫ঃ৯
- একে অপরের কাছে সমর্পিত হও। ইফিষীয় ৫ঃ২১
- একে অপরের প্রতি নম্রতার সজ্জায় ভূষিত হও। ১ পিতর ৫ঃ৫

**৮) মিলেমিশে বাস কর**

- একে অন্যের প্রতি ধৈর্য্যশীল হও। ইফিষীয় ৪ঃ২।
- একে অন্যের সাথে শান্তিতে বাস কর। মথি ৯ঃ৫০।
- একে অন্যকে অতিথি রূপে গ্রহন কর। রোমীয় ১৫ঃ৭; ১ পিতর ৪ঃ৯

**একে অপরকে সেবা করার জন্য প্রত্যেককে তাদের অনুগ্রহ দানগুলিকে চিনতে ও ব্যবহার করতে সাহায্য কর।**

বেশীরভাগ অনুগ্রহ দান যেগুলি এখানে তালিকাভুক্ত করা হয়েছে সেগুলি বাইবেলের একজন ব্যক্তির উদাহরণরূপে দেওয়া হয়েছে। এটা আপনাকে সাহায্য করার জন্য করা হয়েছে।

**রোমীয় ১২ঃ৬-৮ অংশে যে আত্মিক গুণাবলি দেওয়া আছে সেগুলির অনুশীলণ করুন।**

নীচের তালিকায় যে অনুগ্রহ দানগুলি আপনার দলের জন্য গড়ে তোলার প্রয়োজন আছে তার পাশে বন্ধনীর ( ) মধ্যে টিক্ চিহ্ন দিন। সম্ভবত অন্য দল থেকে আপনার দলের জন্য সাহায্য নেওয়ার বন্দোবস্ত আপনাকে করতে হতে পারে এবং আপনার দল যে ক্ষেত্রগুলিতে শক্তিশালী সেই বিষয় অন্য দলগুলিকে সাহায্য করতে হতে পারে।

( ) সেবা কর, পরিচারকগণ প্রেরিত ৬ঃ১-৭
( ) ভবিষ্যতবানী, সান্ত্বনা দান, শক্তি এবং উৎসাহ প্রদানের জন্য ঈশ্বর থেকে প্রাপ্ত বার্তা। ১ করিন্থীয় ১৪ঃ৩।
( ) দান কর। অবিগল, ১ শমূয়েল ২৫, পথ নির্দেশাবলী, ২ করিন্থীয় ৯।
( ) শিক্ষা দান কর। ইস্রা, নহিমিয় ৮; উদ্দেশ্য ইফিষীয় ৪ঃ১১-১৬
( ) উৎসাহ দান । উপদেশ; ইফিষীয় প্রাচীনদের সাথে পৌল। প্রেরিত ২০ঃ১৭-৩৮
( ) নেতৃত্ব দান। একজন পরিচারক নেতা হন, যিনি অপরদেরকে পরিচর্য্যা কাজে সাহায্য করেন। মোশিঃ যাত্রাপুস্তক ১৮ঃ ১৩-২৬
( ) দয়া প্রদর্শন করুন। দায়ুদের সাথে শৌল। ১ শমূয়েল ২৪।

**১ করিন্থীয় ১২ঃ৭-১১ এবং ২৭-৩০ অংশে প্রদত্ত অনুগ্রহ দানগুলির অনুশীলন করুন।**

( ) প্রজ্ঞা সহ আলোচনা কর। শলোমন, ১ রাজাবলি। ৩ঃ৫-২৮
( ) কোনও বিষয়বস্তু জানার পর তার উপর ভিত্তি করে সিদ্ধান্তগুলি গ্রহন কর। বীরয়ারা যেমন বাক্যের জন্য অন্বেষণ করেছিল। প্রেরীত ১৭ঃ১০-১২
( ) সাহায্য কর। আক্কিল্লা ও প্রিষ্কিল্লা। প্রেরিত ১৮ঃ১-৫ ও ২৪-২৮ পদ।
( ) প্রেরিত (যাকে পাঠানো হয়েছে) রূপে যান। রোমীয় ৫ঃ২০-২১; পৌল, ১৩-১৪ অধ্যায়।
( ) উপলব্ধি করুন। নাথন, ২ শমূয়েল ১১ ও ১২ অধ্যায়।
( ) সুস্থ কর। পিতর ও যোহন খঞ্জ ব্যক্তিকে সুস্থ করেছিল। প্রেরিত ৩ ও ৪ অধ্যায়।
( ) পরিচালনা করুন। নহিমিয়ঃ নহিমিয় ২ ও ৩ অধ্যায়।
( ) অলৌকিক কার্য কর। এলিয় ১ রাজাবলি ১৮ঃ১৬-৪৬; ইলিশায় ২ রাজাবলি ২-৫ অধ্যায়।
( ) পরভাষায় কথা বল। কর্ণীলিয়র বাড়ীর লোকজন প্রেরিত ১০ঃ৪৪-৪৮। পরবর্তী অনুগ্রহ দান এর সাথে এটি ব্যবহার কর।
( ) পরভাষার অনুবাদ। ১ করিন্থীয় অধ্যায়ে সতর্ক বানীগুলি দেখুন।
( ) বিশ্বাসের ব্যবহার (এটা সবারই দরকার, কিন্তু কেউ কেউ অপরের মধ্যে এটাকে চাঁকিয়ে দেয়। কুষ্ঠ রোগী ও শতপতি, মথি ৮ঃ১-১৩, পুরাতন নিয়মের বিশ্বাসের বীরসমূহ। ইব্রীয় ১১।

**ইফিষীয় ৪ঃ১১ অংশে প্রদত্ত অন্যান্য অনুগ্রহ দানগুলি অনুশীলন করুন।**

( ) সুসমাচার এর ঘোষণা কর (প্রচারক), ফিলিপ, প্রেরিত ৮ঃ২৬-৪০
( ) পুরোহিত (পালক)। ইফিষীয়র প্রচীনরা, প্রেরিত ২০ঃ২৮-৩৪; ১ পিতর ৫ঃ১-৪

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net